
যায়যায়দিন

তারিখ 25 JUL 2007
পৃষ্ঠা ৫ কলাম ৩




*তৃতীয় আন্তঃমাদ্রাসা বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা*

# তৃতীয় আন্তঃমাদ্রাসা বিতর্ক শুরু

যাযাদি রিপোর্ট

শুরু হলো তৃতীয় আন্তঃমাদ্রাসা বিতর্ক প্রতিযোগিতা। স্পন্দন মাদ্রাসা ডিবেটিং সোসাইটির আয়োজনে গতকাল মঙ্গলবার মোহাম্মদপুরের গাউছিয়া ইসলামিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা মিলনায়তনে প্রতিযোগিতার উদ্বোধন হয়।

মাদ্রাসার অধ্যক্ষ মুহাম্মদ এজহারুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সোসাইটির নির্বাহী পরিচালক অ্যাডভোকেট মুহাম্মদ শফিকুর রহমান, দৈনিক ইনকিলাবের সিনিয়র রিপোর্টার (ক্রাইম) ওমর ফারুক আল হাদী, আতিকুর রহমান ও দৈনিক বাংলাবাজার পত্রিকার নেছারুল হক খোকন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঢাকা ইউনিভার্সিটির ডিবেটিং সোসাইটির বর্তমান সভাপতি তাহমীদ আলম অমিত ও সাধারণ সম্পাদক জিয়াউল হক শেখ। ঢাকার বিভিন্ন মাদ্রাসা থেকে প্রায় ৮০টি দল এ বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে। প্রতিযোগিতা চলবে এক মাস ধরে।